ফোন ঃ ৮৮০২২২২৩০০৭৬
e-mail ঃ dir.discipline.bwdb@gmail.com

গোপনীয়

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

## শৃংখলা পরিদপ্তর

পানি ভবন (লেভেল-৭), ৭২, গ্রীণ রোড, (পান্থপথ) ঢাকা-১২০৫

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৭.২০-১২১ তারিখঃ ০৮/০৮/১৪২৮ বঙ্গাঃ
২৩/১১/২০২১ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ জাহেদ আলী, (চৌকিদার) দীর্ঘ প্রায় ২৭(সাতাশ) বৎসর অননুমোদিত অনুপস্থিতি থেকে অসুস্থতার কারণ দেখিয়ে ডাক্তারী সনদ ও ইউপি চেয়ারম্যান এর সনদসহ কাজে যোগদানের জন্য নথিপত্র হালনাগাদ করণের নিমিত্তে গত ১৯-১২-২০১৮ খ্রিঃ তারিখে নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা বরাবরে একখানা স্ব-ব্যাখ্যায়িত আবেদনপত্র দাখিল করেন। নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা এর স্মারক নং-পিএফ-২৭/৪১৮৬ তারিখঃ ২৪-১২-২০১৮ খ্রিঃ এর মাধ্যমে পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা বরাবরে জনাব মোঃ জাহেদ আলী, (চৌকিদার) এর দীর্ঘদিন অসুস্থতাজনিত কারণে কাজে যোগদানের জন্য নথিপত্র হালনাগাদ করণের নিমিত্তে একখানি পত্র প্রেরণ করেন। পরবর্তীতে পরিচালক, কর্মচারী পরিদপ্তরের অঃদাঃনং-৪১২ তারিখঃ ১৬/০৩/২০২০খ্রিঃ এর মাধ্যমে বিষয়টি যাচাই-বাচাই করে জনাব মোঃ জাহেদ আলী, (চৌকিদার) অসুস্থতাজনিত কারণে দীর্ঘ ২৬(ছাব্বিশ) বছর পর যোগদানের প্রেক্ষিতে তার যোগদান পত্র গ্রহণের বিধি মোতাবেক সুযোগ না থাকায় তার চাকুরী অবসানের লক্ষ্যে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য একখানি লুজ নথি অত্র দপ্তরে প্রেরণ করেন। লুজ নথি ও তৎসংশ্লিষ্ট রেকর্ড পত্র হতে দেখা যায় যে, জনাব মোঃ জাহেদ আলী, (চৌকিদার), গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-১৪৩-বাপাউবো(কপ)/বি-৪/শা-২/বদলি-১/৮৯ তারিখঃ ১০/০৫/১৯৯২ ইং ৩০/০১/৯৯ বঃ মোতাবেক ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়নগঞ্জ হতে বদলিযোগে বিগত ১৮/০৭/১৯৯২ইং তারিখে নির্বাহী প্রকৌশলীর দপ্তর, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধায় যোগদান করেছিলেন। যোগদানের পর বিগত ২৯/০৭/১৯৯২ ইং তারিখে সড়ক দূর্ঘটনায় পতিত হন এবং দূর্ঘটনাজনিত কারণে ব্রেন আক্রান্ত হয়ে শয্যাশায়ী হয়ে ডাক্তারের চিকিৎসাধীন ছিলেন। কিন্তু তিনি সড়ক দূর্ঘটনায় পতিত হয়ে ব্রেনে আঘাত প্রাপ্ত হয়ে থাকলে তার হাসপাতালে চিকিৎসাধীন থাকার কথা। তাছাড়া তার এক্সরে ও অন্যান্য পরীক্ষা-নিরীক্ষার রিপোর্ট থাকার কথা। কিন্তু তিনি সে সমস্ত কাগজপত্র দাখিল না করে শুধু মাত্র একজন শিশু ও শিশুমাতৃত্ব রোগের ডাক্তারের নিকট ২৭(সাতাশ) বৎসর চিকিৎসা গ্রহণ করেছেন মর্মে ডাক্তারী সনদপত্র দাখিল করেছেন যা যুক্তিসংগত ও বিশ্বাসযোগ্য নয়। তার এহেন কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

২। জনাব মোঃ জাহেদ আলী, (চৌকিদার), গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা উপরোক্ত কর্মকাণ্ড করে এরূপ আচরণ প্রদর্শন করেছেন যা দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের সামীল এবং ইহা করে তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক),(খ) ও (গ) মোতাবেক অপরাধ করেছেন যার জন্য উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী তার উপর যে কোন দন্ড আরোপ যোগ্য।

৩। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান-৪৯ এর উপ-প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী প্রস্তাবিত দন্ড কেন তার উপর আরোপ করা হবে না উহা উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৫০-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০৭/২০২০ তারিখঃ ০১/০৭/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা তার অফিসের ঠিকানায় প্রেরণ করা হয়। অভিযোগনামা প্রেরণের প্রেক্ষিতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও তিনি অভিযোগনামার জবাব দাখিল করেননি এবং সময় বৃদ্ধির আবেদনও করেননি। তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার বিরুদ্ধে আনিত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১৪৭-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০৭/২০২০ তারিখঃ ০৯/১২/২০২০খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করেন।

৪। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে তার বিরুদ্ধে গত ২৯/০৭/১৯৯২ খ্রিঃ তারিখ হতে দীর্ঘ ২৭(সাতাশ) বছর কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং তার দাখিলকৃত ডাক্তারী সনদের সত্যতা না পাওয়ার বিষয়টি তদন্তে প্রতিষ্ঠিত হওয়ায় যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক কর্তব্য-কর্মে অবহেলা, অসদাচরণ, প্রতারণা এবং পলায়নের সামীল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৯/০৭/১৯৯২ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissed from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

অঃপৃঃদ্রঃ

৫। কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার বিরুদ্ধে গত ২৯/০৭/১৯৯২ খ্রিঃ তারিখ হতে দীর্ঘ ২৭(সাতাশ) বছর কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং তার দাখিলকৃত ডাক্তারী সনদের সত্যতা না পাওয়ার বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় তার উপর কেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৯/০৭/১৯৯২ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ এর উপ-প্রবিধান (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে উহার কারণ দর্শাইবার জন্য শৃংখলা পরিদপ্তরে স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৭.২০-১১১, তারিখঃ ১৮/১০/২০২১খ্রিঃ মোতাবেক তার দাপ্তরিক ও স্থায়ী ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয়। এছাড়াও কারণ দর্শানোর নোটিশখানা বোর্ডের ওয়েব সাইটেও প্রকাশ করা হয় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক উক্ত কারণ দর্শানোর নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) প্রেরণ করা হয়। কারণ দর্শানোর নোটিশ প্রেরণের প্রেক্ষিতে উক্ত কর্মচারীর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও অদ্যবধি উক্ত বিষয়ে তার কোন জবার পাওয়া যায়নি।

৬। জনাব মোঃ জাহেদ আলী, চৌকিদার, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা এর বিরুদ্ধে আনীত তার উপর চাকুরী হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশটি রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) তার অফিসের ঠিকানা এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে অদ্যাবধি উক্ত নোটিশের কোন জবাব প্রদান না করা এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ অর্থাৎ উক্ত কর্মচারী গত ২৯/০৭/১৯৯২ খ্রিঃ তারিখ হতে দীর্ঘ ২৭(সাতাশ) বছর কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং তার দাখিলকৃত ডাক্তারী সনদের সত্যতা না পাওয়ার বিষয়টি তদন্তে প্রতিষ্ঠিত হওয়ায় যা পলায়নের সামীল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) (উ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৯-০৭-১৯৯২ খ্রিঃ থেকে তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissed from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। অতএব, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ জাহেদ আলী, চৌকিদার, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৯-০৭-১৯৯২ খ্রিঃ তারিখ হতে বাপাউবোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৮। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৩/১১/২০২১
(আব্দুল খালেক)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩০১২০০০১
টেলিফোন নম্বর ঃ ৮৮০২২২২৩০০৭৬
Dir.discipline.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৭.২০-১২১(১৫)   তারিখঃ ২৩/১১/২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-১, বাপাউবো, রংপুর।
৩. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/ হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৫. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা।
৭. উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রংপুর।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
৯. মোঃ জাহেদ আলী, চৌকিদার (বরখাস্তকৃত), গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা/প্রযত্নেঃ পিতাঃ মৃত মতলুব সরকার, গ্রামঃ আরাজিদিলালপুর, বানিয়াপাড়া, ডাকঘরঃ রাধানগর, উপজেলাঃ বদরগঞ্জ, জেলাঃ রংপুর।

২৩/১১/২০২১
(ফজলুল করিম)
উপ-পরিচালক
পরিচিতি নং-৬৪০৩১১০০১
টেলিফোন নং-৮৮০২২২২৩০০৭৯

E:\Discipline. Section-3\order.s-3\Gibandha.doc33